

বীরশ্রেষ্ঠ মতিউর রহমানের জীবনভিত্তিক নাটক অগ্নি বলাকা

বিনোদন রিপোর্ট : বীরশ্রেষ্ঠ ফ্লাইট লেফটেন্যান্ট মতিউর রহমানের জীবনভিত্তিক একটি নাটক নির্মাণ করেছে ডালিয়াস চিত্র। এই নাটকের শিরোনাম করা হয়েছে ‘অগ্নি বলাকা’। ইতিহাস আশ্রিত এই নাটকের নাট্যকার এম সাখাওয়াৎ হোসেন। নির্দেশনা দিয়েছেন আব্দুল্লাহ রানা, প্রযোজনায় ডালিয়াস চিত্র।

ফিলাটেলিস্টস এসোসিয়েশনের ১১৪তম নিলাম

বিনোদন রিপোর্ট : ফিলাটেলিস্টস এসোসিয়েশন অব বাংলাদেশ তাদের ১১৪তম ডাক সামগ্রী নিলামের আয়োজন করেছে আগামী ২৯ মার্চ।

নিলামে বাংলাদেশসহ পৃথিবীর বিভিন্ন দেশের দুর্লভ ও আকর্ষণীয় ডাকটিকিট, ফোনকার্ড, ব্যাংক নোট, মুদ্রা ও বিভিন্ন ডাক সামগ্রী স্থান পাবে। নিলাম চলবে সকাল ১০টা থেকে বিকেল ৩টা পর্যন্ত মওলানা ভাসানী জাতীয় স্টেডিয়ামে, বাংলাদেশ ফুটবল রেফারী সমিতিকক্ষে।

ময়মনসিংহে অবরুদ্ধ ছিলেন অমল বোস

বিনোদন রিপোর্ট : ১৯ মার্চ একটি অনুষ্ঠানে যোগ দিতে ময়মনসিংহে যান অমল বোস। রাতে অনুষ্ঠানস্থলে তিনি পৌছানোর সঙ্গে সঙ্গে হৈ চৈ পড়ে যায়। ইত্যাদি অনুষ্ঠানে নানা-নাতি পর্বে অভিনয় করে তিনি ‘নানা’ হিসেবে জনপ্রিয়তা অর্জন করেন। যেখানেই যান সেখানেই ভক্তরা তাকে নানা বলে সম্বোধন করেন। ময়মনসিংহের অনুষ্ঠান শেষে তিনি দর্শকদের দ্বারা আক্রান্ত হলে পুলিশ তাকে উদ্ধার করে একটি রুমে দুই ঘণ্টা বসিয়ে রাখে। ভিড় কমে যাওয়ার পর তাকে নিরাপদ স্থানে পৌঁছে দেয়া হয়। অমল বোস জানান, ইদানীং তিনি যেখানেই যান সেখানেই ভক্তরা তাকে ঘিরে ধরে।

আতা সরকার-এর ৭ উপন্যাস প্রকাশিত

বিনোদন রিপোর্ট : একুশে বইমেলা ও পরবর্তী সময়ে শক্তিমান কথাসাহিত্যিক ও রম্যলেখক আতা সরকার-এর ৭টি গ্রন্থ প্রকাশিত হয়েছে। এগুলো হচ্ছে- মোনাই সরদারের ঢাকা অভিযান (উপন্যাস), বালিকা বিষয়ক পাপ (উপন্যাস), সাহসী মানুষের গল্প (ইতিহাসভিত্তিক স্কেচ), অবাক বাড়ির সিংহ দরোজা (কিশোর উপন্যাস), রাঙামাটির রহস্য রস (কিশোর উপন্যাস), বাঁশের কেবুলার গণনায়ক (ইতিহাসভিত্তিক স্কেচ) ও নিউজ ডেস্ক (হলদে খবরের ফাস্ট্রী)। প্রকাশক সূত্রে জানা যায়, আতা সরকার-এর বইয়ের পাঠক দিন দিন বাড়ছে। সিরিয়াস ধারার পাশাপাশি জনপ্রিয় ধারায় হাত দিলে এই পাঠকসংখ্যা আরো অনেক বেড়ে যাবে বলে তাদের বিশ্বাস।

সমুদ্র সীমানায় নাটকে মাহফুজ

বিনোদন রিপোর্ট : সমুদ্র সৈকতে টানা দু’সপ্তাহ ধরে শূটিং করেন অভিনেতা মাহফুজ। মাহফুজের সঙ্গে এই নাটকে অভিনয় করেন তারিন। প্যাকেজের আওতায় নির্মিত নাটকটির নাম ‘সমুদ্র সীমানায়’। দীর্ঘদিন ধরে সমুদ্র তীরে এই নাটকটি চিত্রায়ন করার পরিকল্পনা করেন এর পরিচালক মোহন খান। মাহফুজ এই নাটকের গুরুত্বপূর্ণ চরিত্রে অভিনয় করেন। সংশ্লিষ্টদের সঙ্গে ফোনে যোগাযোগ করা হলে জানানো হয়, অত্যন্ত ভালোভাবে শূটিং হচ্ছে সমুদ্র সীমানায়। এই রিপোর্ট লেখা পর্যন্ত পুরো ইউনিট কক্সবাজারে রয়েছে। এটি চিত্রগ্রহণ করেন হারুন আহমেদ খান। সংশ্লিষ্ট সূত্র মতে জানা গেছে, গতকাল ইউনিটসহ শিল্পীরা ঢাকায় ফিরেছেন।

সাইকো হলেন তারিন

বিনোদন রিপোর্ট : সাইকো হয়েছেন তারিন। মোহন খানের রচনা ও পরিচালনায় সমুদ্রসীমানায় ১৪-পর্বের ধারাবাহিক নাটকে তিনি সাইকো চরিত্রে অভিনয় করেছেন। চরিত্রটিকে ব্যাখ্যা করতে গিয়ে তারিন বলেন, এটি এমন এক চরিত্র যাকে দেখলে আপাতদৃষ্টিতে মনে হবে সুস্থ মানুষ। কিন্তু আসলে সে মানসিকভাবে অসুস্থ। সাইকোপ্যাথ রোগীর মতো। তাদের দেখতে সুস্থ মনে হলেও আচরণ ভয়ংকর। ঠিক এমন এক চরিত্রে আমি অভিনয় করেছি। ভিন্ন ধাঁচের চরিত্র। তিনি বলেন, নাটকে আমি কারও সুখ সহ্য করতে পারি না। তাই তাদের সুখ ধ্বংস করার জন্য উঠেপড়ে লাগি।